দৈনিক সংবাদ

তারিখ ... 24 SEP 1997
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২

143

22

## চট্টগ্রাম ভার্সিটিতে শিবিরের সন্ত্রাসী কার্যকলাপ

# প্রশাসন ভবনে তালা ঃ শিক্ষক সমিতির নির্বাচন স্থগিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৩শে সেপ্টেম্বর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আবারো সন্ত্রাসী তৎপরতা শুরু হয়েছে। ইসলামী ছাত্র শিবিরের সশস্ত্র কর্মীরা আজ সকালে প্রশাসনিক ভবনে তালা মেরে দেয়। ফলে কোন প্রশাসন কাজ হতে পারেনি। অন্যদিকে দীর্ঘ ১০ মাস পর আগামী বৃহস্পতিবার (২৬শে সেপ্টেম্বর) অনুষ্ঠেয় শিক্ষক সমিতির নির্বাচন আজ আকস্মিকভাবে স্থগিত ঘোষণা করা হয়েছে।

জামাতপন্থী শিক্ষক নেতা ও নির্বাচন কমিশনার মাহফুজুল হক এই স্থগিতাদেশ দেন। 'নির্বাচনের ব্যয় নির্বাহের মত পর্যাপ্ত তহবিল এবং নির্বাচন অনুষ্ঠানের পরিবেশ নেই' মর্মে অজুহাত দেখিয়ে উক্ত আদেশ দেয়া হয়। এই ঘটনায় সাধারণ শিক্ষকদের মধ্যে তীব্র ক্ষোভ দেখা দিয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাধারণ শিক্ষক সমাজ অভিযোগ করে যে, পূর্ব পরিকল্পনা অনুযায়ী জামাতপন্থী শিক্ষকরা এটা করেছে। দীর্ঘ প্রতীক্ষিত এ নির্বাচনে পরাজয় ও ভরাডুবি নিশ্চিত জেনে তারা ছাত্র শিবিরের সঙ্গে একজোট হয়ে এই অপকৌশলের আশ্রয় নিয়েছে বলে সাধারণ শিক্ষকরা উল্লেখ করেন।

এদিকে, মেয়াদোত্তীর্ণ শিক্ষক সমিতি নেতৃবৃন্দ আজ থেকে উপাচার্য বিরোধী নয়া আন্দোলন শুরু করেছেন। তবে উপাচার্য অপসারণের লক্ষ্যে তারা

চট্টগ্রাম ভার্সিটি : প্রঃ ৮ ক…

## চট্টগ্রাম ভার্সিটি ঃ প্রশাসন ভবনে তালা

(১ম পাতার পর)

ক্লাস নেয়া থেকে বিরত থাকার জন্য শিক্ষকদের প্রতি আহবান জানানো সত্ত্বেও বিপুলসংখ্যক সাধারণ শিক্ষক স্বতঃস্ফূর্তভাবে ক্লাস নেন। সকল ক্লাস এবং এম,এ শেষ পর্বের চূড়ান্ত পরীক্ষাসমূহ আজ সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়েছে।

ছাত্র শিবিরের সশস্ত্র কর্মী ও সিরাজুস সালেহীন বাহিনী পুরানো কায়দায় তাদের সন্ত্রাসী কার্যকলাপ পুনরায় শুরু করেছে। শিবিরকর্মীরা আজ প্রশাসনিক ভবনে তালা মেরে ভবনের সামনে অবস্থান ধর্মঘট করে এবং উপাচার্য ও প্রগতিশীল কয়েকজন শিক্ষকের নাম ধরে বিভিন্ন অশ্লীল শ্লোগান দেয়। আগামী বুধবার বিজ্ঞান অনুষদের ডীন নির্বাচনের জন্য আজ অগ্রিম ভোট নেয়ার কথা থাকলেও শিবিরের অস্ত্রধারী কর্মীদের বাধার মুখে তা ভন্ডুল হয়ে যায়। এর পাশাপাশি, শিবির বিভিন্ন হলে তাদের টহল ও নৈশকালীন পাহারা আরো জোরদার করেছে।

নির্বাচন কমিশনার মাহফুজুল হক দেরীতে পাওয়া এক বিজ্ঞপ্তিতে জানান, অনুকূল পরিবেশ ও প্রয়োজনীয় অর্থপ্রাপ্তি সাপেক্ষে শিক্ষক সমিতির নির্বাচনের পরবর্তী তারিখ ঘোষণা করা হবে।

### শিক্ষকদের জরুরী সভা

নির্বাচন স্থগিত করার প্রেক্ষিতে করণীয় আলোচনার জন্য সাধারণ শিক্ষকরা কাল মঙ্গলবার এক জরুরী সভা ডেকেছেন।